# Anandadhara

**West Bengal State Rural Livelihoods Mission (WBSRLM)**
(A Society under the Panchayats& Rural Development Department, Govt. of West Bengal)


নং.৪১৬৮(২০)/ডব্লিউ.বি.এস.আর.এল.এম/প্রগ/৬পি-১০৮/২০১৪ তারিখঃ ১৭/১১/১৬

**প্রেরক:** ছোটেন ডি লামা, আই.এ.এস.
রাজ্য মিশন অধিকর্তা ও মুখ্য নির্বাহী আধিকারিক
পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামীণ জীবিকা মিশন, আনন্দধারা এবং
সচিব
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

**প্রাপক:** প্রকল্প অধিকর্তা, জেলা গ্রামোন্নয়ন শাখা এবং অতিরিক্ত জেলা মিশন অধিকর্তা, আনন্দধারা (সকল)

**বিষয়ঃ মহিলা স্বনির্ভর দলের সংঘ সমবায় সম্বন্ধে কিছু গুরুত্বপূর্ণ কথা**

মহাশয়া / মহাশয়,

আমাদের রাজ্যে স্বনির্ভর দলের সংঘগুলি ইতিমধ্যেই পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় আইন, ২০০৬ অনুসারে সংঘ সমবায় হিসাবে নিবন্ধীকৃত হয়েছে। নিবন্ধীকরণের ক্ষেত্রে কিছু ধারণা পরিষ্কার করা দরকার বলে আমাদের মনে হয়েছে। সেই অনুযায়ী কিছু আশু পদক্ষেপ গ্রহণ করাও দরকার, যেগুলি নীচে বলা হলঃ

১) **সংঘ সমবায়ের সদস্য পদঃ** সংঘের সদস্য ছিল এমন সব মহিলা স্বনির্ভর দল সংঘ সমবায়ের সদস্য হবেন। এছাড়াও পরবর্তী সময়ে গঠিত হওয়া মহিলা স্বনির্ভর দল অবশ্যই সংশ্লিষ্ট উপ-সংঘ ও সংঘ সমবায়ের সদস্য হবে। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে বেশ কিছু সংঘ সমবায়ের সদস্যপদ এক-তৃতীয়াংশ বা অর্ধেক স্বনির্ভর দলের মধ্যেই সীমাবদ্ধ থাকছে। অবিলম্বে যাতে ওই এলাকার অন্তত ৯০% মহিলা স্বনির্ভর দল সংঘ সমবায়ের সদস্যপদ গ্রহণ করে তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

২) **সংঘ সমবায়ের নামঃ** কোথাও কোথাও সংঘ সমবায় হিসাবে নিবন্ধীকরণের সময় সংঘের মূল নামটি বাদ পড়ে গিয়ে ওই এলাকার গ্রাম পঞ্চায়েতের নাম যুক্ত হয়েছে। উদাহরণ হিসাবে বলা যেতে পারে, নিবন্ধীকরণের পর সৃষ্টি মহিলা সংঘের নাম হয়ে গেছে নাজিরপুর মহিলা বহুমুখী প্রাথমিক সংঘ সমবায় সমিতি লিমিটেড। আবার কোথাও প্রাথমিক বা বহুমুখী শব্দটি যোগ হয়নি। এই সব ক্ষেত্রে সংঘ সমবায়ের নামে প্রয়োজনীয় সংশোধন করতে হবে। এর জন্য সংঘ সমবায়ের পক্ষ থেকে নেওয়া রেজুলিউশনের একটি নমুনা সংযোজিত করা হল (সংযোজনী ২)। একটি সংঘ সমবায়ের নাম সংশোধনের প্রক্রিয়া সম্বন্ধে সংযোজনী ১-এ বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

৩) **সংঘ সমবায়ের হিসাব ও অডিটঃ** অনেক সংঘ বিগত আর্থিক বছরে (২০১৫-১৬) নিবন্ধীকৃত হয়েছিল। সেক্ষেত্রে আগের বছরের হিসাবপত্র সঠিকভাবে তৈরি রাখতে হবে এবং এই আর্থিক বছরের (২০১৬-১৭) হিসাবপত্র ২০১৭ সালের এপ্রিল মাসের মধ্যেই সম্পূর্ণভাবে তৈরি রাখতে হবে, যাতে আগামী আর্থিক বছরের শুরুতেই সংঘ সমবায়গুলি অডিটের জন্য জেলা কো-অপারেটিভ অডিট অফিসে আবেদন করা যায়। এ বিষয়ে বিস্তারিতভাবে সংযোজনী ১-এ আলোচনা করা হয়েছে।

৪) **সংঘ সমবায়ের বার্ষিক সাধারণ সভা ও স্থায়ী বোর্ড নির্বাচনঃ** সংঘ সমবায় হিসাবে নিবন্ধীকরণের ১৫ মাসের মধ্যে অবশ্যই বার্ষিক সাধারণ সভা ডাকতে হবে। এই সভায় সংঘ সমবায়ের স্থায়ী বোর্ড অফ ডিরেক্টর পদের জন্য নির্বাচন হবে। এ সংক্রান্ত নিয়মনীতি সংযোজনী ১-এ উল্লেখ করা হয়েছে। ইতিমধ্যেই যে সব সংঘ সমবায়ের বয়স ১১ মাস বা তার বেশি হয়ে গেছে তারা অবিলম্বে যেন বার্ষিক সাধারণ সভা ডাকার জন্য ARCS-র কাছে আবেদন করে তা সুনিশ্চিত করতে হবে।

৫) **সংঘ সমবায়ে স্বনির্ভর দলের প্রতিনিধি নির্বাচনঃ** সংঘের বার্ষিক সাধারণ সভার অন্তত ১ মাস আগে প্রত্যেক সদস্য স্বনির্ভর দল মিটিং করে সংঘ সমবায়ে জন্য তাদের দলের প্রতিনিধি নির্বাচন করবে এবং লিখিত ভাবে সেই প্রতিনিধির নাম সংঘ সমবায়কে জানাবে।

এই বিষয়গুলি সুনিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলে যাতে সংঘ সমবায়গুলিকে প্রয়োজনীয় সহায়তা দেয় তা দেখার জন্য আপনাকে বিশেষ অনুরোধ জানাই। এর জন্য প্রয়োজন অনুসারে ARCS-র সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রাখতে হবে এবং এ বিষয়ে সব ব্লকের CI-র সহায়তা নিতে হবে।

এছাড়াও সংঘ সমবায়ের উপ-সমিতিগুলিকে সক্রিয় করে তোলার জন্যও জেলা ও ব্লকের পক্ষ থেকে বিশেষ উদ্যোগ নিতে হবে। এই বিষয়ে কোনও ব্যাখ্যা প্রয়োজন হলে রাজ্য স্তরে আমাদের অফিসে যোগাযোগ করতে পারেন।

আপনার বিশ্বস্ত,

(রাজ্য মিশন অধিকর্তা ও মুখ্য নির্বাহী আধিকারিক)
আনন্দধারা, প. বঙ্গ রাজ্য গ্রামীণ জীবিকা মিশন

নং.৪১৬৮(২০)/১(৭)-ডব্লিউ.বি.এস.আর.এল.এম/প্রগ/৬পি-১০৮/২০১৪ তাং ১৭/১১/১৬

এই পত্রের প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপের জন্য দেওয়া হলঃ

১) রেজিস্ট্রার, কো-অপারেশন অধিকার, পশ্চিমবঙ্গ সরকার। নব-মহাকরণ। চতুর্থ তল।
২) অধ্যক্ষ, সেন্টার ফর কো-অপারেটিভ ম্যানেজমেন্ট, কালিম্পং / জলপাইগুড়ি / বরশোল / বোলপুর শ্রীনিকেতন / ঝাড়গ্রাম / উত্তরপাড়া।

(রাজ্য মিশন অধিকর্তা ও মুখ্য নির্বাহী আধিকারিক)
আনন্দধারা, প. বঙ্গ রাজ্য গ্রামীণ জীবিকা মিশন

# সংঘ সমবায় সংক্রান্ত কিছু বিষয় এবং সেই সংক্রান্ত প্রয়োজনীয় পদক্ষেপ

| ক্রং নং | বিষয় | প্রয়োজনীয় পদক্ষেপ |
|---|---|---|
| ১) | সংঘ সমবায়ের নাম পরিবর্তন | পশ্চিমবঙ্গ সমবায় আইন ২০০৬-র ধারা ১৯ এবং উপধারা ১২ অনুসারে নিবন্ধীকৃত সংঘ সমবায়ের নাম পরিবর্তনের জন্য সংঘের পক্ষ থেকে জেলার সহকারী কো-অপারেটিভ রেজিস্টারের (ARCS) কাছে দরখাস্ত করতে হবে। এরপর সংঘ সমবায়ের <u>সাধারণ সভায়</u> (GB) পরিবর্তিত নাম সংক্রান্ত রেজ্যুলিউশন নিতে হবে। এই সভায় উপস্থিত সদস্যদের মধ্যে অন্তত ২/৩ শতাংশের এই বিষয়ে অনুমোদন থাকতে হবে। এই রেজ্যুলিউশন অনুসারে নাম পরিবর্তনের জন্য সংঘ সমবায়ের পক্ষ থেকে ওই সভার রেজ্যুলিউশনের কপি সহ সহকারী কো-অপারেটিভ রেজিস্টারের (ARCS) কাছে আবেদন করতে হবে, যার ভিত্তিতে ARCS সংঘ সমবায়ের নাম পরিবর্তন করবেন এবং নতুন নামের সার্টিফিকেট দেবেন।<br>এ সংক্রান্ত যাবতীয় দরখাস্ত ব্লকের কো-অপারেটিভ ইন্সপেক্টরের (CI) মাধ্যমে ARCS-র কাছে পাঠাতে হবে। দরখাস্তের শুরুতে বিষয় উল্লেখ করে লিখতে হবে যে 'সংঘ সমবায়ের নাম পরিবর্তন'<br>পুনরায় উল্লেখ করা আবশ্যক যে, সংঘ সমবায়ের নাম হবে ………… <u>বহুমুখী প্রাথমিক মহিলা সংঘ সমবায় সমিতি লিমিটেড</u>। অর্থাৎ সংঘের আগে যে নাম তা অবশ্যই থাকবে, তারপরে উপরে উল্লিখিত শব্দগুলি যোগ করতে হবে। |
| ২) | নির্বাচিত বোর্ড অফ ডিরেক্টর গঠন | নতুন নিবন্ধীকৃত সংঘ সমবায় গঠনের ১৫ মাসের মধ্যে মনোনীত BOD-র পরিবর্তে নির্বাচিত BOD গঠন। এর জন্য সংঘ সমবায়ের ১১ মাস বয়স হলেই ARCS-র মাধ্যমে Cooperative Election Commission-র কাছে নির্বাচন করানোর জন্য আবেদন করতে হবে। এর ভিত্তিতে Cooperative Election Commission নির্বাচনের দিন জানাবে। কিন্তু এর আগেই সংঘের পক্ষ থেকে নির্বাচনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি শুরু করে দিতে হবে।<br><u>স্বনির্ভর দলের প্রতিনিধি নির্বাচনঃ</u> সংঘের বার্ষিক সাধারণ সভার অন্তত ১ মাস আগে প্রত্যেক সদস্য স্বনির্ভর দল মিটিং করে সংঘ সমবায়ে জন্য তাদের দলের প্রতিনিধি নির্বাচন করবে এবং লিখিত ভাবে সেই প্রতিনিধির নাম সংঘ সমবায়কে জানাবে ।<br>সংঘের নির্বাচন প্রক্রিয়াটি পরিচালনা করবে Cooperative |

| ক্রং নং | বিষয় | প্রয়োজনীয় পদক্ষেপ |
|---|---|---|
| | | Election Commission। এর জন্য Commission-র পক্ষ থেকে জেলা ও ব্লক স্তরের আদিকারিককে দায়িত্ব দেওয়া হয়। সাধারণত ARCS রিটার্নিং অফিসার এবং CI সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্বে থাকেন।<br>যদি সংঘের নিবন্ধীকরণের ১৫ মাসের মধ্যে নির্বাচিত বোর্ড অফ ডিরেক্টর গঠন করা সম্ভব না হয়ে থাকে তাহলে সংঘ সমবায়ের পক্ষ থেকে অবিলম্বে ARCS-র কাছে নতুন বোর্ড অফ ডিরেক্টর গঠনের জন্য বিশেষ অনুমোদন চাইতে হবে। এই অনুমোদনের ভিত্তিতে আগের মতোই Cooperative Election Commission-র কাছে নির্বাচন করানোর জন্য আবেদন করতে হবে। |
| ৩) | বোর্ড অফ ডিরেক্টর পদের জন্য প্রার্থীর যোগ্যতামান | শুধুমাত্র সাধারণ সভার সদস্যরাই বোর্ড অফ ডিরেক্টর পদের জন্য প্রার্থী হতে পারবে। তবে প্রার্থী হতে গেলে নমিনেশন জমা দেওয়ার সময় ওই সদস্যের বয়স কমপক্ষে ১৯ বছর এবং সংঘ সমবায়ে তার সদস্যপদের বয়স কমপক্ষে ১২ মাস বা ১ বছর হতে হবে। অর্থাৎ ১ বছরের কম বয়সী কোনও সদস্য বোর্ড অফ ডিরেক্টরের জন্য পদপ্রার্থী হতে পারবেন না। |
| ৪) | সংঘ সমবায়ের অডিট | সংঘ সমবায়ের অডিট করার প্রধান দায়িত্ব Cooperative Audit Directorate-র। আর্থিক বছর শেষ হওয়ার সাথে সাথেই সংঘ সমবায়ের অডিট করার জন্য উদ্যোগ নিতে হবে। এর জন্য যাবতীয় খাতাপত্র হালনাগাদ করে রাখতে হবে। এর জন্য 'এ' গ্রেড কমিউনিটি অডিটারকে দিয়ে সংঘ সমবায়ের ইন্টারনাল অডিট (আভ্যন্তরীণ অডিট) করিয়ে নিতে হবে।<br>প্রথমবার অডিটের জন্য জেলার সমবায় অডিটারের কাছে সংঘকে লিখিতভাবে আবেদন করতে হবে। যার ভিত্তিতে অডিট অফিস থেকে সংঘ সমবায়কে অডিটের তারিখ দেওয়া হবে। পরবর্তী বছরে অডিটরের অফিস থেকেই অডিটের জন্য সময় ও তারিখ জানিয়ে দেবে।<br>মহিলা সমবায় হওয়ার কারণে প্রথম ৫ বছর এই সব সংঘ সমবায়ের কোনও অডিট ফি লাগবে না। পরবর্তী সময়ে নির্দিষ্ট হারে অডিট ফি দিতে হবে। |

সংঘ সমবায়ের নাম পরিবর্তনের জন্য সংঘ তার সাধারণ পরিষদে যে সিদ্ধান্ত নেবে তার একটি নমুনা রেজুলিউশন

তারিখঃ

.................................... সংঘ সমবায়ের সাধারণ সভা

বিষয়ঃ সংঘ সমবায়ের নাম পরিবর্তন

---

আমাদের .............................. ব্লকের ................................ গ্রাম পঞ্চায়েতের .................................... সংঘকে ইতিমধ্যেই ................................ সমবায় সমিতি লিমিটেড নামে পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইনে রেজিস্ট্রেশন করা হয়েছে (রেজিস্ট্রেশন নম্বর ................. এবং তারিখ..............................)। এই সমবায় সমিতি হবে প্রাথমিক বহুমুখী মহিলা সংঘ সমবায় সমিতি লিমিটেড। কিন্তু রেজিস্ট্রেশনের সময় আমাদের সংঘ সমবায় সমিতির নামে ....................................... এই কথাগুলি আসেনি। এই সংঘ সমবায়ের নামে অবশ্যই আমাদের সংঘের নাম থাকবে। এই কারণেই আজকের সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেওয়া হল যে,

এখন থেকে আমাদের সংঘ সমবায়ের পরিবর্তিত নাম হবে ................................. প্রাথমিক বহুমুখী মহিলা সংঘ সমবায় সমিতি লিমিটেড। অর্থাৎ আগের নামের সঙ্গে ..................... শব্দগুলি যোগ করা হল। এখন থেকে আমাদের যাবতীয় নথিপত্রে সংঘ সমবায়ের এই নামটিই ব্যবহৃত হবে। সদস্য সব মহিলা স্বনির্ভর দলই হবে এই সংঘ সমবায়ের সদস্য। ব্যাঙ্কেও এই নামটিই ব্যবহৃত হবে।

নাম পরিবর্তনের জন্য সংঘ সমবায়ের পক্ষ থেকে অবিলম্বে জেলায় ARCS অফিসে এই রেজ্যুলিউশনের কপি সহ আবেদন করার জন্য সংঘের পদাধিকারীদের দায়িত্ব দেওয়া হল। ARCS অফিস থেকে আমাদের সংঘ সমবায়ের পরিবর্তিত নামের সার্টিফিকেট এলেই তার কপি সহ সংশ্লিষ্ট সবাইকে জানানোর জন্য সংঘের পদাধিকারী ও কর্মীবাহিনীকে দায়িত্ব দেওয়া হল।

(সভার সভানেত্রীর স্বাক্ষর)

সাধারণ সভায় উপস্থিত সকল সদস্যার স্বাক্ষর

১)

২)

৩)